

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা

স্মারক নং- নং-৪৬.০২০.০০৪.০১.০০.১০৯৪.২০১৬- ২৯৪


তারিখঃ ১১/১১/১৭

বিষয়ঃ রীট পিটিশন নং-১৬১৩৮/২০১৬, বাদী-জনাব আহমেদুর কবির, পিতা- আবদুর রহিম, গ্রাম- উত্তর বদলকোট, উপজেলা- চাটখিল, জেলা- নোয়াখালী - বনাম সরকার ও অন্যান্য মামলা প্রতিদ্বন্দ্বিতাকরণ সংক্রান্ত।

নোয়াখালী জেলা পরিষদ নির্বাচন-২০১৬ এর সাধারণ আসনের সদস্য পদে দাখিলকৃত মনোনয়নপত্র বাতিলের বিরুদ্ধে আহমেদুর কবির কর্তৃক বাদী হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং- ১৬১৩৮/২০১৬, দায়ের করা হয়েছে। মাননীয় আদালত শোকজ ইস্যুপূর্বক জবাব প্রদানের জন্য এ বিভাগের সচিব মহোদয়সহ বিবাদীগণকে নির্দেশ দিয়েছেন। সরকারি স্বার্থে মামলাটি যথাযথ প্রতিদ্বন্দ্বিতাকরণ আবশ্যিক।

০২। এমতাবস্থায়, সরকারের পক্ষে মামলা প্রতিদ্বন্দ্বিতাসহ যাবতীয় কার্যক্রম গ্রহনকরতঃ ঘটনার প্রকৃত বিবরণীসহ দফাওয়ারী জবাব ও আনুষঙ্গিক কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ০২(দুই) সেট এ বিভাগের আইন-১ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্তঃ বর্ণনামতে রুলের কপি।

  
(মোহাম্মদ শফিকুল আরিফ)  
উপসচিব  
Email arif 6550@ yahoo.com

- ১। জেলা প্রশাসক  
নোয়াখালী।
  - ২। জেলা নির্বাচন অফিসার  
নোয়াখালী।
- সদয় অবগতির জন্য অনুলিপিঃ
- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা;
  - ২। উপসচিব (জেপ শাখা), স্থানীয় সরকার বিভাগ
  - ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
  - ৪। কম্পিউটার প্রোগ্রামার (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)